রোহিঙ্গা নয়, বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র হচ্ছে: আবুল মকসুদ

ডেস্ক প্রতিবেদন:
বিশিষ্ট কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ বলেছেন, একাত্তরের পরে এমন বিপর্যয় আর বাংলাদেশে আসেনি। রোহিঙ্গাদের বিরুদ্ধে নয়, বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র হচ্ছে। আমরা যাদের বন্ধু মনে করি, তারা শুধু ত্রাণ দিয়ে সরে যাবে এটি হবে না।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে সুজন আয়োজিত ‘রোহিঙ্গা সমস্যা: প্রেক্ষিত, বর্তমান পরিস্থিতি আর সম্ভাব্য করণীয়’ শীর্ষক এক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন।

এ বিপর্যয় ও সমস্যা মোকাবেলায় সরকারের ভেতরে দায়িত্বজ্ঞানহীন বিষয় চলছে বলে মন্তব্য করে তিনি বলেন, এটি কাম্য নয়।

বৈঠকে সুজন সম্পাদক বদিউল আলম মজুমদার বলেন, জেনোসাইডের (গণহত্যা) ১০টি শর্ত রয়েছে। রোহিঙ্গা নির্যাতনের ঘটনায় যার প্রতিটি পূরণ হচ্ছে। এটি বিশ্ব সম্প্রদায়ের সামনে চলমান হত্যাযজ্ঞ।

গোলটেবিল বৈঠকে লিখিত বক্তব্য পাঠ করেন সুজনের নির্বাহী সদস্য আলী ইমাম মজুমদার।

সুজন সভাপতি হাফিজ উদ্দিনের সভাপতিত্বে এসময় আরও বক্তব্য রাখেন সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, সাবেক মন্ত্রিপরিষদ সচিব আলী ইমাম মজুমদার প্রমুখ।

সূত্র : দৈনিক যুগান্তর